দৈনিক ইনকিলাব

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
পুরাতন বিমান বন্দর ভবন
তেজগাঁও, ঢাকা-১২১৫

20 JUN 1989

নম্বর ৩৮-৩৯

তারিখঃ ১২ই আষাঢ়, ১৩৯৬ / ২৬শে জুন, ১৯৮৯.

C48

# সংযুক্ত বিজ্ঞপ্তি

সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, নিম্নলিখিত পদে প্রার্থী নিয়োগের জন্য দরখাস্ত আহবান করিতেছেনঃ

৩৮। এস আর-২/৩' আর-৫/৮৯ঃ

বস্ত্র মন্ত্রণালয়ের অধীন বস্ত্র পরিদপ্তরের ইন্সট্রাক্টর (জেলা টেক্সটাইল ইন্সটিটিউট)-এর ৭ (সাত)টি স্থায়ী পদ।

বেতনঃ

টাকা ১৩৫০-৯০-২২৫০-ইবি-১০০-২৭৫০/- তৎসহ দেয় নিয়মানুযায়ী প্রচলিত ভাতাদি।

শিক্ষাগত যোগ্যতাঃ

কোন অনুমোদিত টেক্সটাইল ইন্সটিটিউট হইতে টেক্সটাইল টেকনোলজি, টেক্সটাইল কেমিস্ট্রি অথবা জুট টেকনোলজিতে স্নাতক পাস, কোন অনুমোদিত টেক্সটাইল ইন্সটিটিউট হইতে টেক্সটাইল টেকনোলজি অথবা টেক্সটাইল কেমিস্ট্রি অথবা জুট টেকনোলজিতে ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৪ (চার) বৎসরের অভিজ্ঞতা।

অথবা

জেলা টেক্সটাইল ইন্সটিটিউট হইতে ২ বৎসরের সার্টিফিকেট কোর্স পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা, এইচএসসি পাস অগ্রাধিকার যোগ্য।

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ডকুমেন্টেশন কেন্দ্র

বয়সঃ

১লা জুন, ১৯৮৯ ইং তারিখে বয়স ৩০ বৎসরের ঊর্ধ্বে নহে। বিভাগীয় প্রার্থীদের বেলায় ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মহিলা প্রার্থীরা উক্ত পদে আবেদন করার যোগ্য।

৩৯। সি/এ-৪/৮৯ঃ

শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর সহকারী পরিসংখ্যান অফিসারের ২ (দুই)টি স্থায়ী পদ।

বেতনঃ

টাকা ৯০০-৬৫-১৫৫০-ইবি-৭৫-২০৭৫/- তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য সুবিধাদি/ভাতাদি।

শিক্ষাগত যোগ্যতাঃ

কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, অংক অথবা অর্থনীতি বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী অথবা এর যে কোন একটি বিষয়সহ দ্বিতীয় বিভাগের স্নাতক ডিগ্রী। পরিসংখ্যান কাজে অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে।

বয়সঃ

১লা জুন, ১৯৮৯ ইং তারিখে অনূর্ধ ২৭ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৫ বৎসর শিথিলযোগ্য। মহিলাগণও এই পদের জন্য আবেদন করার যোগ্য।

## সাধারণ গুরুত্বপূর্ণ তথ্যাবলী

১। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখঃ ২২শে শ্রাবণ, ১৩৯৬/৬ই আগস্ট, ১৯৮৯

২। যে সকল পদের সর্বোচ্চ বয়ঃসীমা ৩০ বৎসরের নীচে সে সকল পদের ক্ষেত্রে মহিলা প্রার্থী এবং উপজাতীয় প্রার্থীদের জন্য বয়সের নির্ধারিত উর্ধ্বসীমা ৩০ বৎসর পর্যন্ত শিথিল করা যাইতে পারে। যে সকল পদের সর্বোচ্চ বয়ঃসীমা ৩২ বৎসরের নীচে সে সকল পদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের জন্য বয়সের উর্ধ্বসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। অব্যাহতি প্রাপ্ত/অবসরপ্রাপ্ত সেনাবাহিনীর নন-কমিশন কর্মচারী সরকারী চাকুরীর ক্ষেত্রে সেনাবাহিনীতে তাহার প্রকৃত চাকুরীর সর্বোচ্চ মেয়াদ পর্যন্ত বয়স শিথিলতার সুযোগ পাইবেন। তবে সরকারী চাকুরীর শেষ সীমায় উপনীত বয়সের অব্যাহতি প্রাপ্ত/অবসরপ্রাপ্ত সেনাবাহিনীর নন-কমিশণ্ড কর্মচারী সিভিল পদে নিয়োগের জন্য উপযুক্ত বিবেচিত হইবেন না। যে সকল পদের সর্বোচ্চ বয়ঃসীমা ২৯ বৎসরের নীচে সে সকল পদের ক্ষেত্রে তফসিল সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের বেলায় বয়সের ঊর্ধ্বসীমা ২৯ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

৩। এডহক ভিত্তিতে চাকুরীতে নিয়োগকালে নিয়োগ বিধি মোতাবেক নির্ধারিত বয়ঃসীমার মধ্যে হইলে এবং প্রয়োজনীয় যোগ্যতা থাকিলে এডহক ভিত্তিতে উক্ত পদে নিযুক্ত ব্যক্তিও (যদি কেহ থাকেন) ঐ পদের জন্য আবেদন করিতে পারেন।

৪। বিজ্ঞাপনে উল্লেখিত পদে এডহক ভিত্তিতে নিযুক্ত ব্যক্তি ও সরকারী চাকুরীতে নিযুক্ত ব্যক্তি এবং স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরীতে নিযুক্ত ব্যক্তিদেরকে ট্রেজারী চালান এবং প্রয়োজনীয় সার্টিফিকেটসহ তাহাদের মূল দরখাস্ত বিজ্ঞাপনে উল্লেখিত দরখাস্ত গ্রহণের সর্বশেষ তারিখে বা তৎপূর্বে পৌঁছান সাপেক্ষে সরাসরি কমিশনের নির্দিষ্ট অফিসে দাখিল করিতে হইবে। যুগপৎ অন্য একটি কপি নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে কমিশনে প্রেরণ করিতে হইবে।

৫। ডোমিসাইলঃ বাংলাদেশের নাগরিক এবং স্থায়ী বাসিন্দা কিংবা এইখানে ডোমিসাইলড (দরখাস্ত ফরমে উল্লেখিত নির্দেশাবলী মোতাবেক) হইতে হইবে।

৬। মেধাবী, মুক্তিযোদ্ধা ও মহিলা ইত্যাদি প্রার্থীদের কোটাসহ কোটা সংরক্ষণ সংক্রান্ত বর্তমান সরকারী নির্দেশ মোতাবেক প্রার্থীদের নির্বাচন করা হইবে।

৭। ফীসঃ প্রত্যেক দরখাস্তের সহিত অবশ্যই, সচিব বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন-এর অনুকূলে সোনালী ব্যাংকের ২৫/০০ টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার কিংবা "৬৫-বিবিধ নন-ট্যাক্স রেভিনিউ" হিসাব খাতে "বিবিধ পরীক্ষা ফি" বাবদ ২৫/০০ টাকার ট্রেজারী চালান (দরখাস্ত ফরমে উল্লেখিত নির্দেশাবলী মোতাবেক) দাখিল করিতে হইবে।

৮। কমিশনের নিম্নলিখিত অফিস হইতে ৫/০০ টাকা মূল্যে দরখাস্ত ফরম সংগ্রহ করা যাইবেঃ

(১) সচিব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, সচিবালয় পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা-১৫, অথবা

(২) সহকারী পরিচালক, আঞ্চলিক অফিস, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, সচিবালয়, প্লট নং-৪৯, পাঁচলাইশ আবাসিক এলাকা, চট্টগ্রাম, অথবা

(৩) সহকারী পরিচালক, আঞ্চলিক অফিস, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, সচিবালয়, প্লট নং-১৪২৮, রামচন্দ্রপুর, নাটোর রোড, রাজশাহী, অথবা

(৪) সহকারী পরিচালক, আঞ্চলিক অফিস, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, সচিবালয়, ৩৭, খালিশপুর হাউজিং এস্টেট, পোস্ট মুজগুনি, খুলনা।

৯। দরখাস্ত কেবলমাত্র প্রার্থীদের নিজস্ব বিভাগীয় সদর দফতরে অবস্থিত কমিশন সচিবালয়ের অফিসে গৃহীত হইবে। বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের নির্ধারিত ফরমে না হইলে এবং দরখাস্ত গ্রহণের সর্বশেষ তারিখে বা তৎপূর্বে অফিস চলাকালে কমিশন সচিবালয়ের সংশ্লিষ্ট অফিসে না পৌঁছাইলে কোন দরখাস্ত বিবেচিত হইবে না।

১০। প্রার্থীদেরকে অবশ্যই তাহাদের দরখাস্তের সহিত নিম্নোক্ত সার্টিফিকেটগুলির সত্যায়িত কপি দাখিল করিতে হইবে, অন্যথায় তাহাদের দরখাস্ত বিবেচনা করা হইবে নাঃ

(ক) বয়স প্রমাণের জন্যঃ এসএসসি/মেট্রিক/সমতুল্য পরীক্ষার মূল সার্টিফিকেট। সাময়িক সার্টিফিকেট কিংবা এডমিট কার্ড কিংবা টেস্টিমনিয়াল এই ক্ষেত্রে গ্রহণযোগ্য হইবে না।

(খ) শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্যঃ বোর্ড বা বিশ্ববিদ্যালয় প্রদত্ত মূল সার্টিফিকেট। বোর্ড বা বিশ্ববিদ্যালয় মূল সার্টিফিকেট প্রদান করিতে অপারগ হইলে বোর্ড বা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সাময়িক সার্টিফিকেট গৃহীত হইবে।

(গ) মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রেঃ বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের প্রধান উপদেষ্টা মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র।

(ঘ) উপজাতি/তফসিল সম্প্রদায়ভুক্তদের ক্ষেত্রেঃ যথাযোগ্য কর্তৃপক্ষের নিকট হইতে প্রাপ্ত মূল সার্টিফিকেট।

১১। বোর্ড/বিশ্ববিদ্যালয়/ইন্সটিটিউটের সার্টিফিকেটের সত্যায়িত কপিসহ বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ইত্যাদি বিষয় দলিল/প্রমাণাদি দ্বারা সমর্থিত না হইলে কোন দরখাস্ত বিবেচিত হইবে না।

১২। কোনরূপ তদ্বির প্রার্থীর অযোগ্যতা প্রমাণ করিবে।

১৩। কমিশন নিয়োগের জন্য কেবলমাত্র সর্বাধিক উপযুক্ত বিবেচিত প্রার্থীদের ইন্টারভিউ গ্রহণ করিবেন।

১৪। কমিশন অন্যরূপ সিদ্ধান্ত না নিলে প্রার্থীদের নিজ নিজ বিভাগীয় সদর দপ্তরে সাক্ষাতকার গৃহীত হইবে, তবে অন্যান্য বিভাগের প্রার্থীগণ আবেদনপত্রে তাহাদের ইচ্ছা ব্যক্ত করিলে ঢাকায় তাহাদের সাক্ষাতকার গ্রহণ করা যাইতে পারে।

সচিব,
বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন,
সচিবালয়

ডিএফপি-(স)১১৪৩২/২৭-৬
জি—২৭৫৫/৮৯